ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭৪

করবুক, ২৬ এপ্রিল, ২০২৫

**উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে করবুকে পর্যালোচনা সভা**

গতকাল করবুক মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতির বিষয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। তিনি সভায় বলেন, প্রতিটি প্রকল্প রূপায়ণে স্বচ্ছতা বজায় রাখতে হবে। কাজের ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে তা আলোচনার মাধ্যমে সমাধানের উদ্যোগ নিতে হবে। পর্যালোচনা সভায় করবুক মহকুমায় বিদ্যুৎ, পানীয়জল, রাস্তাঘাট, প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) ইত্যাদি প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করা হয়। পর্যালোচনা সভায় মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, করবুক ব্লকের বিডিও শুভ্রজিৎ পাল, মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা বন আধিকারিক পঙ্কজ চক্রবর্তী সহ বিভিন্ন ভিলেজ কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

******